

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৯, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-২ অধিকার্যক্ষমতা

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ জুলাই ২০১২/২ শ্রাবণ ১৪১৯

নং ২৮.০০.০০০০.০১৮.২২.০২০.০৮(অংশ)/২৪৪—এর মাধ্যমে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি (৫) অনুযায়ী সিলিকাবালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা প্রদানে সরকারের অনুমোদন জ্ঞাপনের নিমিত্ত সুপারিশ প্রদানের লক্ষ্যে উক্ত বিধিমালার বিধি-২(১২) মোতাবেক পার্বত্য জেলাসমূহের (রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা) জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

### কমিটি গঠন :

(১)	জেলা প্রশাসক	সভাপতি
(২)	পুলিশ সুপার	সদস্য
(৩)	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের একজন প্রতিনিধি	ঐ
(৪)	খনিজ সম্পদ উন্নয়ন ব্যবোর একজন প্রতিনিধি	ঐ
(৫)	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	ঐ
(৬)	পরিবেশ অধিদপ্তরের একজন স্থানীয় প্রতিনিধি	ঐ
(৭)	বন বিভাগের একজন স্থানীয় প্রতিনিধি	ঐ
(৮)	পানি উন্নয়ন বোর্ডের একজন স্থানীয় প্রতিনিধি	ঐ
(৯)	গণপূর্ত অধিদপ্তরের একজন স্থানীয় প্রতিনিধি	ঐ
(১০)	স্থানীয় মাননীয় সংসদ সদস্যের মনোনীত একজন প্রতিনিধি	ঐ
(১১)	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজ্য)	সদস্য-সচিব

(১৩১৯৫৫)

মূল্য : টাকা ৪.০০

## ২। কমিটির কার্যপরিধি :

- (ক) কোয়ারী ইজারার আবেদনপত্র প্রাপ্তির পর জেলা প্রশাসক আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশসহ ইজারাইতা নির্বাচনের জন্য জেলা কমিটির নিকট প্রেরণ করবে;
- (খ) দফা ২(ক) এর অধীন আবেদন প্রাপ্তির পর জেলা কমিটি উহা ঘাটাই-বাছাই এবং বিধি-বিধান অনুসরণপূর্বক কোয়ারী ইজারার সম্পদ সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপর্যুক্ত একজন আবেদনকারীর অনুকূলে নির্ধারিত মূল্যে ২ (দুই) বছরের জন্য কোয়ারী ইজারা মঙ্গুরীর নিমিত্ত খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোর নিকট সুপারিশ প্রেরণ করবে;
- (গ) ব্যৱোর, জিএসবি এবং জেলা প্রশাসকের প্রতিনিধি জেলা কমিটির সুপারিশের পূর্বে কোয়ারী এলাকা চিহ্নিত বা নির্ণয় করবে এবং স্থানীয় বাজারদর অনুযায়ী কোয়ারী ইজারার মূল্য নির্কল্পণ করবে;
- (ঘ) দফা ২(খ) এর অধীন সুপারিশসহ আবেদনসমূহ প্রাপ্তির পর, পরিচালক আবেদনকারীকে ইজারা অনুমোদনের বিষয়ে জানিয়ে পত্র জারী করবে এবং এরপ পত্র জারীর ১৫ (পনের) দিন সময়সীমার মধ্যে তাঁকে কোয়ারী ইজারামূল্য জমা প্রদানের জন্য নির্দেশ দিতে পারবে;
- (ঙ) আবেদনকারী কর্তৃক কোয়ারী ইজারামূল্য জমা দেয়ার পর জেলা কমিটির সুপারিশের ভিত্তিতে বিএমডি মঙ্গুরীপত্র জারী, ইজারা চুক্তি সম্পাদন ও বিধিমতে পরবর্তী ব্যবস্থা প্রাপ্ত করবে;
- (চ) সিলিকাবালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা নবায়ন করা যাবে না;
- (ছ) কমিটি পরিবেশ সংরক্ষণ ও ব্যবস্থাপনাসহ প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক ইজারা কার্যক্রম মূল্যায়ন কিংবা অ্যান্ট্রিক পদ্ধতিতে সিলিকা বালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথর উত্তোলনের নিয়ম ভঙ্গ করলে প্রয়োজনবোধে বিধি-৮৪ অনুসরণে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক মঙ্গুরীকৃত ইজারা বাতিলের সুপারিশ করবে।

৩। খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোর কর্তৃক ইতোমধ্যে ইজারা প্রদানকৃত সিলিকাবালু, সাধারণ পাথর এবং বালু মিশ্রিত পাথরের ক্ষেত্রে ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর থেকে প্রজ্ঞাপনে বর্ণিত নীতিমালা কার্যকর হবে।

## ৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

৫। উপর্যুক্ত বিষয়ে নভেম্বর ৩, ২০১১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ২৮.০১৮.০০.০০. ০০৫.০০৬.২০১১/৪৩৬ এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সেফাউল আলম  
যুগ্ম-সচিব (প্রশাঃ/অপাঃ)।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আব্দুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)